...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

সাধারণ শাখা

## আসন্ন পবিত্র ঈদ-উল আযহা-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: মজিবর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৯ জুন, ২০২২ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পবিত্র ঈদ উল আযহা-২০২২ যথাযথ মর্যাদায় ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন করার লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় সিলেট মেট্রোপলিটন পুলিশ প্রতিনিধি, পুলিশ সুপার, সিলেট এঁর প্রতিনিধি, সিলেট সিটি কর্পোরেশনের প্রতিনিধি, বিভিন্ন অফিস প্রধান, কালেক্টরেট মসজিদসহ মহানগরের বিভিন্ন মসজিদের পেশ ইমাম বক্তব্য রাখেন। বর্ণিত অনুষ্ঠান সুষ্ঠুভাবে উদযাপনের জন্য সার্বিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ, যানজট নিরসন, পশুর হাটে জালনোট ব্যবহার রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কোরবানীর পশুর বর্জ্য দ্রুত অপসারণের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জামাত অনুষ্ঠানের সময়সূচী নির্ধারণ ও প্রচার | বিস্তারিত আলোচনার পর শহর এলাকায় ঈদের জামাতসমূহ নিম্নবর্ণিত সময়ে অনুষ্ঠানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. কালেক্টরেট জামে মসজিদের পক্ষে জেলা প্রশাসকের কার্যালয়ের মাঠে সকাল ৮.০০ ঘটিকার সময় পবিত্র ঈদ-উল-আযহার ঈদের জামাত অনুষ্ঠিত হবে।<br>২. অন্যান্য ঈদগাহ/মসজিদে জামাতের সময়সূচি ইমাম/মোতাওয়াল্লীগণ নির্ধারণপূর্বক জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অবহিত করবেন। | ১। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>২। ইমাম/ঈদগাহ কর্তৃপক্ষ/ মোতাওয়াল্লী |
| ২. | ঈদের দিন সকল সরকারি/বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং প্রচার সংক্রান্ত | ১. জাতীয় কর্মসূচি মোতাবেক ঈদের দিন সকল সরকারি/বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জাতীয় পতাকা উত্তোলনের বিষয়টি জেলা তথ্য অফিস এবং বাংলাদেশ বেতার, সিলেট প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩. জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে ঈদের পূর্বে ঈদের জামাতের সময়সূচি এবং ঈদের দিন ও ঈদের পরের দিন বাংলাদেশ বেতার, সিলেট বিশেষ অনুষ্ঠান প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১. দপ্তর প্রধান (সকল)<br>২. উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৩. | মহাসড়ক ও রাস্তার অতি সন্নিকটে পশুর হাট বসানোর নিষেধাজ্ঞা | মহাসড়কের উপর এবং রাস্তার অতি সন্নিকটে পশুর হাট বসানোর জন্য ইজারা প্রদান করা যাবে না। এ নিষেধাজ্ঞা কার্যকরভাবে প্রয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>৩। পুলিশ সুপার, সিলেট<br>৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৪. | ঈদ উপলক্ষ্যে ট্রাক, লরি ও কাভার্ড ভ্যান চলাচল বন্ধ রাখা | পবিত্র ঈদের আগের ০৩ (তিন) দিন ও ঈদের পরের ৩ (তিন) দিন মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরি চলাচল বন্ধ থাকবে। তবে পঁচনশীল দ্রব্য, রপ্তানীযোগ্য গার্মেন্টস সামগ্রী, ঔষধ, জ্বালানী বহনকারী এবং কোরবানির পশুবাহী গাড়ী যানবাহনসমূহ এর আওতামুক্ত থাকবে। বিষয়টি বিআরটিএ বিজ্ঞপ্তির মাধ্যমে সকলকে অবহিত করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। সহকারী পরিচালক, বিআরটিএ, সিলেট |
| ৫. | পশুবাহী নৌকা ও ট্রাকে চাঁদাবাজি বন্ধে ব্যবস্থা গ্রহণ | ১। দেশের বিভিন্ন এলাকা থেকে পশুবাহী নৌকা, ট্রলার বা ট্রাকে চাঁদাবাজি বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। কোন পশুবাহী ট্রলার বা ট্রাক জোরপূর্বক কোন হাটে যেতে বাধ্য করা বা জোরপূর্বক কোন ট্রাকের পশু না নামানো হয় সে দিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিশেষ নজর রাখবে।<br>৩। কোরবানির পশু বহনকারী ট্রাকে হাট/গন্তব্যের নামের স্টিকার সংযুক্ত করতে হবে।<br>৪। এ সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা প্রতিপালন করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট |
| ৬. | অবৈধ পশুর হাটে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত | জেলা ও উপজেলা পর্যায়ে সকল অবৈধ পশুর হাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সিটি কর্পোরেশন এলাকায় অনুমোদনবিহীন অবৈধ পশুর হাট বন্ধে পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট এবং সিলেট সিটি কর্পোরেশন কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। পুলিশ কমিশনার, এসএমপি<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>৩। পুলিশ সুপার, সিলেট<br>৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৭. | কোরবানির পশুর হাটে টোল আদায় ও দৃশ্যমান স্থানে টোলের হার প্রদর্শন সংক্রান্ত | ১। কোরবানির পশুর হাটে বিক্রিত পশুর দামের উপর সরকার আরোপিত নির্ধারিত হারে টোল আদায় করতে হবে।<br>২। টোলের হার বাজারের দৃশ্যমান স্থানে ব্যানার আকারে টাঙিয়ে দিতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৮. | কোরবানির পশুর হাটে নিরাপত্তা বিধান | ১। পশুর হাটে ক্রেতা/বিক্রেতার নিরাপত্তা বিধানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা বাহিনী মোতায়েন করতে হবে।<br>২। অনলাইন প্রযুক্তির মাধ্যমে কোরবানির পশু ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারি বৃদ্ধি করতে হবে।<br>৩। পশুর হাটে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে বড় অংকের টাকা পরিবহনের সময় নিকটবর্তী থানায় অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা নিতে হবে।<br>৪। ঈদুল আযহা উপলক্ষ্যে পশুর হাটগুলোতে নিরাপত্তা নিশ্চিত করার জন্য হাট ইজারা গ্রহীতাগণকে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br>৫। বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংকসমূহের স্থানীয় শাখাগুলোর সাথে সমন্বয় করে জালনোট সনাক্তকারী মেশিন সংগ্রহ করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, সিলেট<br>৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট<br>৫। পশুহাটের ইজারা গ্রহীতাগণ |
| ৯. | কোরবানির পশুর হাটে স্বাস্থ্যবিধি অনুসরণ | ১। কোরবানী পশুর হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল নিশ্চিত করতে হবে। প্রবেশ ও নির্গমনের পৃথক পৃথক পথ করে দিতে হবে।<br>২। ক্রেতা-বিক্রেতা প্রত্যেককে সার্বক্ষণিক মাস্ক পরিধান করতে হবে। মাস্ক না থাকলে তাৎক্ষণিকভাবে মাস্ক সরবরাহ করতে হবে।<br>৩। পশুর হাটের প্রবেশ মুখে হাত ধোয়ার ব্যবস্থা ও পর্যাপ্ত জীবাণুনাশক সরবরাহ করতে হবে। | পশুর হাটের ইজারা গ্রহীতাগণ |
| ১০. | রোগাক্রান্ত পশুর চিকিৎসা ও প্রচারণা | পশুর হাটে রোগাক্রান্ত পশু চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের লক্ষ্যে ভেটেনারি চিকিৎসক এর নেতৃত্বে মেডিকেল টিম নিয়োজিত থাকবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট |
| ১১. | পশুর হাটে শেড তৈরি এবং আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ও ভেটেনারি চিকিৎসকগণের বসার ব্যবস্থা | ভারী বর্ষণের কারণে সিলেটে পরপর দুইবার বন্যা দেখা যায়। অদ্যাবধি বৃষ্টির প্রকোপ না কমায় ক্রেতাদের স্বার্থে পশুর হাটে শেড তৈরীসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ও ভেটেনারি চিকিৎসকগণের বসার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পশুর হাটের ইজারা গ্রহীতাগণ |
| ১২. | আইনশৃঙ্খলা/ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ | ১। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য ঈদের পূর্বের দিন, ঈদের দিন ও পরের দিন বিশেষ নজরদারি জোরদার করতে হবে।<br>২। জেলার যেসকল মসজিদে ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠিত হবে সেসকল মসজিদ, হযরত শাহজালাল (র:) দরগাহ জামে মসজিদ প্রাঙ্গনসহ অন্যান্য স্পর্শকাতর স্থানে আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ট্রাফিক ব্যবস্থা সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। মার্কেট ও এপার্টমেন্টসমূহের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার বিষয়ে সংশ্লিষ্টদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট<br>৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট<br>৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট |
| ১৩. | অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণ | ১। অগ্নি নির্বাপন কাজে নিয়োজিত দমকল কর্মীগণকে দাপ্তরিক রোস্টার অনুযায়ী ঈদের জামায়াত অনুষ্ঠানে ডিউটিতে থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। পশুর হাটে উদ্ভুত দূর্ঘটনা মোকাবেলায় অগ্নি নির্বাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | বিদ্যুৎ ও পানি সরবরাহ স্বাভাবিক রাখা | ১। ঈদের দিনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>২। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-১/২/৩/৪, সিলেট<br>৩। জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১/২, সিলেট |
| ১৫. | অবৈধ গরু অনুপ্রবেশ বন্ধ সংক্রান্ত | অবৈধভাবে ভারতীয় গরুর ক্রয়-বিক্রয় এবং জনচলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে। কোনভাবেই যাতে ভারত থেকে গরু না আসে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা নিতে হবে। | ১। অধিনায়ক, ১৯/৪৮/৫২ বিজিবি<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৬. | সিলেট সিটি কর্পোরেশন-এর নির্ধারিত স্থানে পশু জবাই | সিলেট সিটি কর্পোরেশনের নির্দিষ্ট স্থানে পশু জবাই করার বিষয়টি বহুল প্রচারের জন্য সিলেট সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ১৭. | পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত | ১। কোরবানিকৃত পশুর বর্জ্য, রক্ত ও অপ্রয়োজনীয় অংশ যত্রতত্র না ফেলে নির্ধারিত স্থানে ফেলতে হবে।<br>২। কোরবানিকৃত পশুর রক্ত ও বর্জ্য পদার্থ যাতে জনদুর্ভোগ সৃষ্টি না করে এ বিষয়ে করণীয় সম্পর্কে নাগরিক সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। নির্দিষ্ট স্থানে পশু কোরবানির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বা ব্যক্তি উদ্যোগে বাড়ির আঙ্গিনায় কোরবানি করার ক্ষেত্রে নাগরিক কর্তৃক পরিষ্কার করে ধুয়ে ফেলতে হবে এবং ব্লিচিং পাউডার প্রয়োগ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন<br>২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>৪। জেলা তথ্য অফিসার, সিলেট<br>৫। পরিচালক, সিলেট ক্যাবল সিস্টেম, সিলেট |
| ১৮. | কোরবানি পরবর্তী পশুর বর্জ্য অপসারণ | ঈদ-উল আযহা উপলক্ষ্যে কোরবানিকৃত পশুর রক্ত/বর্জ্য ২৪ ঘন্টার মধ্যে অপসারণের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৩। মেয়র, কানাইঘাট/জকিগঞ্জ/বিয়ানীবাজার/গোলাপগঞ্জ পৌরসভা |
| ১৯. | বিনোদন পার্কে সুন্দর পরিবেশ নিশ্চিতকরণ | ঈদের দিন শেখ হাসিনা শিশু পার্ক, ড্রিমল্যান্ড পার্ক, ওসমানী শিশু পার্ক, এডভেঞ্চার ওয়ার্ল্ড, এক্সেলসিওর সহ সকল পার্কে শিশুদের সুন্দর পরিবেশ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | শেখ হাসিনা শিশু পার্ক, ড্রিমল্যান্ড পার্ক, ওসমানী শিশু পার্ক, এডভেঞ্চার ওয়ার্ল্ড, এক্সেলসিওর/ সংশ্লিষ্ট সকল |
| ২০. | গুরুত্বপূর্ণ সড়ক, দ্বীপ ও রাস্তাসমূহ সজ্জিতকরণ | (ক) ঈদ মোবারক লেখা ব্যানার/ফেস্টুন ও বিভিন্ন পতাকা দিয়ে শহরের গুরুত্বর্পূণ সড়ক, দ্বীপ এবং রাস্তাসমূহ ও ক্বীন ব্রিজ আলোকসজ্জা ও সজ্জিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কালেক্টরেট জামে মসজিদ প্রাঙ্গান, শাহী ইদগাহ প্রাঙ্গানসহ শহরের অন্যান্য বড় জামাতের প্রাঙ্গানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ২১. | উন্নত মানের খাবার পরিবেশন | ঈদের দিনে হাসপাতাল, কারাগার, এতিমখানা ও শিশু সদনসমূহে উন্নত মানের খাবার পরিবেশনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। হাসপাতাল কর্তৃপক্ষ<br>২। কারা কর্তৃপক্ষ<br>৩। উপ-পরিচালক, সমাজসেবা অফিস, সিলেট |
| ২২. | জরুরী চিকিৎসা ব্যবস্থা নিশ্চিতকরণ | ঈদের দিন সকল হাসপাতাল ও ক্লিনিকসমূহে প্রয়োজনীয় সংখ্যক কর্তব্যরত ডাক্তারের উপস্থিতি নিশ্চিতকরণের মাধ্যমে জরুরী চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল<br>২। সিভিল সার্জন, সিলেট |
| ২৩. | পর্যটকদের নিরাপত্তা ও সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ | মহানগর, জেলা ও উপজলোয় পর্যটন স্পটসমূহে পর্যটকদের নিরাপত্তা ও সুযোগ-সুবিধা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, সিলেট<br>৩। পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, সিলেট<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ২৪. | সিলেট রেলওয়ে স্টেশন ও বাস টার্মিনালে আইন-শৃঙ্খলা জোরদারকরণ | ঈদ উপলক্ষ্যে ঘরমুখো মানুষসহ পর্যটকদের নিরাপত্তার স্বার্থে সিলেট রেলওয়ে স্টেশন ও বাস টার্মিনালে আইন-শৃঙ্খলা জোরদার করতে হবে। | ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২। পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, সিলেট<br>৩। পুলিশ সুপার, রেলওয়ে জেলা সিলেট |
| ২৫. | জেলা প্রশাসকের কার্যালয়ে কন্ট্রোলরুম স্থাপন | ঈদের ছুটিতে জেলা প্রশাসকের কার্যালয়ের নেজারত শাখায় কন্ট্রোলরুম খোলার ব্যবস্থা গ্রহণ ও দায়িত্ব পালনে কর্মকর্তা কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। কন্ট্রোলরুমের টেলিফোন নম্বর ০২৯৯৬৬৩২১৮৮। জরুরী প্রয়োজনে উক্ত নম্বরে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট<br>২। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, সিলেট |
| ২৬. | সকল উপজেলায় কর্মসূচি | জেলা পর্যায়ে গৃহীত কার্যক্রমের আলোকে উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ঈদের অগ্রিম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.৩৩.০১৩.১৯.৬৭৫

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৪) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৬) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট

৭) পরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট

৮) প্রধান নির্বাহী কর্মকর্তা , প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন

৯) পুলিশ সুপার, সিলেট

১০) পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, সিলেট

১১) পুলিশ সুপার, রেলওয়ে জেলা, সিলেট

১২) অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট

১৩) অধিনায়ক, ১৯/৪৮/৫২, বিজিবি, সিলেট

১৪) যুগ্ম পরিচালক, এনএসআই, সিলেট

১৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট

১৬) সিভিল সার্জন, সিলেট

১৭) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

১৮) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট

১৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

২০) অতিরিক্ত পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট

২১) নির্বাহী প্রকৌশলী, পিডিবি, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, সিলেট

২২) নির্বাহী প্রকৌশলী, পিডিবি, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, সিলেট

২৩) নির্বাহী প্রকৌশলী, পিডিবি, বিক্রয় ও বিতরণ বিভাগ-৩, সিলেট

২৪) নির্বাহী প্রকৌশলী, পিডিবি, বিক্রয় ও বিতরণ কেন্দ্র-৪, সিলেট

২৫) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট

২৬) চেয়ারম্যান ...................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট

২৭) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট

২৮) মেয়র ..........................................., পৌরসভা (সকল), সিলেট

২৯) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট

৩০) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট

৩১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট

৩২) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট

৩৩) সিনিয়র জেল সুপার, সিলেট

৩৪) পরিচালক/উপপরিচালক, ...................................... (সকল), সিলেট

৩৫) সহকারী পরিচালক...............................(সকল),সিলেট

৩৬) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, সিলেট

৩৭) জেলা .................................................................. কর্মকর্তা/ অফিসার, সিলেট

৩৮) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, সিলেট

৩৯) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২, সিলেট

৪০) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট

৪১) কর্তৃপক্ষ, শেখ হাসিনা পার্ক/ড্রীমল্যান্ড পার্ক/ওসমানী শিশু পার্ক/এক্সেলসিওর/এডভেঞ্চার ওয়ার্ল্ড, সিলেট

৪২) মোতাওয়াল্লী/ইমাম, ..........................................জামে মসজিদ/ঈদগাহ, সিলেট

৪৩) জনাব........................................................................................................সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক